



নতুন ধরণের সৈকিক

# আমাদের মধ্যে

আমাদের সময়, 12-01-2025, পেজ অনলাইন

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ২১৯ জন শিক্ষার্থীকে মেধা বৃত্তি প্রদান

১২ জানুয়ারি ২০২৫, ০৯:৩০ বিকাশ



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ২০২৪ সালের 'সামার' এবং 'ফল' সেমিস্টারের ২১৯ জন শিক্ষার্থীকে তাদের চমৎকার একাডেমিক ফলাফলের জন্য 'মেধা বৃত্তি' প্রদান করেছে। আজ রবিবার বিশ্ববিদ্যালয়ের 'মহুর এলাহী' অডিটোরিয়ামে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেধা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বেশিরভাগই ছিল নারী শিক্ষার্থী। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রান্সিট বোর্ডের সদস্য জনাব ফারুক বি চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান।

প্রধান অতিথির বক্তব্যে ফারুক বি চৌধুরী মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের এবং তাদের অভিভাবকদের অভিনন্দন জনান। একইসঙ্গে ভবিষ্যাতে কর্মক্ষেত্রে নিজেদের এই উৎকর্ষতা ও নিষ্ঠাকে কাজে লাগিয়ে নিজের দেশের এবং প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির প্রতি উৎসুক দেন। তিনি শিক্ষার্থীদের এই অর্জনে গবৰ্ণ প্রকাশ করেন এবং ভবিষ্যাতে আরও সাফল্যের জন্য তাদের উৎসাহিত করেন।

অধ্যাপক ড. শামস রহমান তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের সহায়ক ও সমৃদ্ধ একাডেমিক পরিবেশ গতে তোগার প্রতিশ্রূতি পুনর্ব্যক্ত করেন। তিনি শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের প্রশংসন করেন, বিশেষ করে উচ্চবিদ্যোগ্য সংখ্যক নারী শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রাপ্তির কথা উক্তোথ করেন এবং শিক্ষায় লিঙ্গ সমতা বজায় রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিশ্রূতি পুনর্ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. আশিক মোসাফিক, ডিমুন্দ, শিক্ষকগণ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা।